রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, জুন ২৪, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**অধিশাখা-৯**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ/১৮ জুন ২০১৯ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নম্বর ২০৮-আইন/২০১৯।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ২১৪ এর উপ-ধারা—

(ক) (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ নূতন ৩ (তিন) টি শ্রম আদালত স্থাপন করিল, যথা :—
(১) শ্রম আদালত, সিলেট;
(২) শ্রম আদালত, বরিশাল; এবং
(৩) শ্রম আদালত, রংপুর; এবং

(খ) (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উহার ২৪ আশ্বিন ১৪১০ বঙ্গাব্দ মোতাবেক ৯ অক্টোবর ২০০৩ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৯০-আইন/২০০৩ এবং ১০ মাঘ ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ২৩ জানুয়ারি ২০১২ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও. নং ৩১-আইন/২০১২ রহিত করিয়া, নিম্ন তফসিলের কলাম (২) এ উল্লিখিত শ্রম আদালতসমূহের এখতিয়ার কলাম (৩) এ উল্লিখিত জেলা, ও ক্ষেত্রমত, থানায় এতদ্দ্বারা নির্ধারণ ও পুনঃনির্ধারণ করিল, যথা :—

**তফসিল**

| ক্রমিক নং | শ্রম আদালতের নাম | এখতিয়ার |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | প্রথম শ্রম আদালত, ঢাকা | মানিকগঞ্জ, টাঙ্গাইল, জামালপুর, শেরপুর, মুন্সিগঞ্জ ও নরসিংদী জেলা এবং ঢাকা জেলার কেরাণীগঞ্জ, দোহার, সাভার, তেজগাঁও, নবাবগঞ্জ, ধামরাই, রমনা, গুলশান, শাহবাগ, শেরে বাংলানগর, পল্টন, কাফরুল, হাতিরঝিল ও বনানী থানা; |


**মূল্য :** টাকা ৪.০০

| ক্রমিক নং | শ্রম আদালতের নাম | এখতিয়ার |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ২। | দ্বিতীয় শ্রম আদালত, ঢাকা | ফরিদপুর, রাজবাড়ী, মাদারীপুর, শরিয়তপুর, গোপালগঞ্জ ও গাজীপুর জেলা এবং ঢাকা জেলার সবুজবাগ, কোতয়ালী, মতিঝিল, সূত্রাপুর, ডেমরা, শ্যামপুর, খিলগাঁও, বংশাল, ওয়ারী, যাত্রাবাড়ী, কদমতলী, রামপুরা, বাড্ডা, গেন্ডারিয়া, শাহজাহানপুর, মুগদা ও ভাটারা থানা; |
| ৩। | তৃতীয় শ্রম আদালত, ঢাকা | ময়মনসিংহ, কিশোরগঞ্জ, নেত্রকোনা ও নারায়ণগঞ্জ জেলা এবং ঢাকা জেলার লালবাগ, মোহাম্মদপুর, ধানমন্ডি, মিরপুর, পল্লবী, ক্যান্টনমেন্ট, উত্তরা পূর্ব, উত্তরা পশ্চিম, হাজারিবাগ, কামরাঙ্গীরচর, নিউমার্কেট, আদাবর, শাহআলী, তুরাগ, খিলক্ষেত, কলাবাগান, দারুসসালাম, চকবাজার, শিল্পাঞ্চল, উত্তরখান, দক্ষিণখান, বিমানবন্দর, রূপনগর ও ভাষানটেক থানা; |
| ৪। | প্রথম শ্রম আদালত, চট্টগ্রাম | চট্টগ্রাম জেলা (ডবলমুরিং, সদরঘাট, বাকুলিয়া ও চাঁদগাঁও থানা ব্যতীত), নোয়াখালী, লক্ষ্মীপুর, কক্সবাজার, বান্দরবান, রাঙ্গামাটি ও খাগড়াছড়ি জেলা; |
| ৫। | দ্বিতীয় শ্রম আদালত, চট্টগ্রাম | চট্টগ্রাম জেলার ডবলমুরিং, সদরঘাট, বাকুলিয়া ও চাঁদগাঁও থানা, চাঁদপুর, ফেণী, কুমিল্লা এবং ব্রাহ্মণবাড়িয়া জেলা; |
| ৬। | শ্রম আদালত, খুলনা | খুলনা বিভাগের সকল জেলা; |
| ৭। | শ্রম আদালত, রাজশাহী | রাজশাহী বিভাগের সকল জেলা; |
| ৮। | শ্রম আদালত, সিলেট | সিলেট বিভাগের সকল জেলা; |
| ৯। | শ্রম আদালত, বরিশাল | বরিশাল বিভাগের সকল জেলা; এবং |
| ১০। | শ্রম আদালত, রংপুর | রংপুর বিভাগের সকল জেলা। |

২। দফা (খ) এ উল্লিখিত রহিতকৃত প্রজ্ঞাপন দ্বারা ইতোপূর্বে নির্ধারিত অধিক্ষেত্রভুক্ত কোনো শ্রম আদালতে কোনো মামলা বা কার্যধারা বিচারাধীন বা অনিষ্পন্ন থাকিলে উহা এইরূপে চলমান ও নিষ্পন্ন হইবে যেন এই প্রজ্ঞাপন জারি করা হয় নাই।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মহিদুর রহমান**
উপসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd